

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর  
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bmd.gov.bd](http://www.bmd.gov.bd)

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ৪৩৬  
বিষয়: এপ্রিল-জুন ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।


তারিখ: ২৫ চৈত্র ১৪৩২  
০১ এপ্রিল ২০২৬

- এপ্রিল ২০২৫-মার্চ ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +৩.৬, +২.১, +১.৮, +৬.৮, +২.১, +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০ ও +৮.৯ (Bureau of Meteorology, Australia)।
- মার্চ ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (+৩১.০%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। তবে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাত রেকর্ড করা হয়। পশ্চিমা লঘুচাপের সাথে পূর্বালী বায়ুপ্রবাহের সংযোগ ঘটায় ২-৩, ৮-১৬, ১৮-২২ ও ২৪-৩১ মার্চ ২০২৬ সময়ে দেশের অনেক স্থানে হালকা থেকে ভারী বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রপাত ও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টিসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত ৮৩ মি.মি. সিলেট রেকর্ড (১৩ মার্চ ২০২৬) করা হয়। মার্চ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৮°সে. (যশোর, ২৭ মার্চ ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৪.২°সে. (রাজশাহী, ৪ মার্চ ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা ০.৪°সে. কম এবং সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ০.৯°সে. ও ০.৩°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা মার্চ ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।
- প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক এপ্রিল-জুন ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	এপ্রিল ২০২৬ খ্রিঃ		মে ২০২৬ খ্রিঃ		জুন ২০২৬ খ্রিঃ		এপ্রিল ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	১১৯	১১০ - ১৫০	২৬১	২৫০-২৮০	৩৩৫	৩৪০-৩৬০	১৫-২৫
ময়মনসিংহ	১৬৫	১৫০ - ২০০	৩৫০	৩৪০-৩৭০	৪৪৭	৪৪০-৪৬০	১৮-২৮
চট্টগ্রাম	১২০	১৩০ - ১৬০	৩৪১	৩৩০-৩৫০	৬১৩	৬০০-৬৩০	২০-৩০
সিলেট	২৯৫	২৬৫ - ৩২৫	৫২৯	৫৩০-৫৪০	৬১৯	৬২০-৬৪০	২০-৩০
রাজশাহী	৭৯	৭৫ - ৯০	১৮৫	১৭০-১০০	২৮১	২৭০-৩০০	১২-২২
রংপুর	১০৯	৮৫ - ১০৫	২৬৮	২৬০-২৮০	৪১৮	৪১০-৪৩০	১৫-২৫
খুলনা	৬৫	৬০ - ৮৫	১৭৬	১৬০-১৯০	২৯৬	২৭০-৩০০	১৫-২৫
বরিশাল	৯৩	৯০ - ১১০	২৩৫	২৩০-২৫০	৪৬৫	৪৫০-৪৭০	১৮-২৮

- বৃষ্টিপাত: সামগ্রিকভাবে দেশে স্বাভাবিক বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
- ঘূর্ণিঝড়: বঙ্গোপসাগরে ৩-৪ লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ১-২ নিম্নচাপ/ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
- কালবৈশাখি/বজ্রঝড়: দেশে বিক্ষিপ্তভাবে শিলাসহ ৬-৮ দিন হালকা/মাঝারি এবং ৩-৫ দিন তীব্র কালবৈশাখি ঝড়সহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- তাপমাত্রা: দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
- তাপপ্রবাহ: দেশে ৬-৮ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.)/ মাঝারি (৩৮-৩৯.৯°সে.) এবং ৩-৪ টি তীব্র (৪০ -৪১.৯°সে.) তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

মাননীয় মন্ত্রী  
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
ইমেইল: [minister@moa.gov.bd](mailto:minister@moa.gov.bd)

  
(মোঃ মামিনুল ইসলাম)  
পরিচালক (চলত দায়িত্ব)  
ও  
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, [info@modmr.gov.bd](mailto:info@modmr.gov.bd)
- মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, [cab\\_secyc@cabinet.gov.bd](mailto:cab_secyc@cabinet.gov.bd)
- মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, [psecyc@pmo.gov.bd](mailto:psecyc@pmo.gov.bd)
- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, [secretary@mopa.gov.bd](mailto:secretary@mopa.gov.bd)
- সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, [secretary@mowr.gov.bd](mailto:secretary@mowr.gov.bd)

- সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, [secyc@mincom.gov.bd](mailto:secyc@mincom.gov.bd)
- সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, [secretary@mod.gov.bd](mailto:secretary@mod.gov.bd)
- সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, [secretary@modmr.gov.bd](mailto:secretary@modmr.gov.bd)
- সচিব, কৃষি মন্ত্রণালয়, [secretary@moa.gov.bd](mailto:secretary@moa.gov.bd)
- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, [secretary@mofood.gov.bd](mailto:secretary@mofood.gov.bd)

